# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 05-10-2023

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) রাজ্যসরকারের একলক্ষ চাকুরী প্রদান কার্যসূচীর অধীনে দ্বিতীয় পর্যায়ের নিযুক্তি প্রক্রিয়া খুব শীঘ্র আরম্ভ করা হবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য ।

(২)সিকিমের মেঘ ভাঙ্গা বৃষ্টির ফলে হওয়া আকস্মিক বন্যায় ১৮ জন লোকের মৃত্যু সহ প্রায় ১০০ জন সন্ধানহীন । আসামের একজন সেনাজওয়ানও সন্ধানহীন ।

(৩) আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলে নবীকরণযোগ্য শক্তি ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে ভর্তুকির পরিমাণ বর্তমানের ৪০ শতাংশ থেকে ৬৫ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা হবে বলে কেন্দ্রীয় সরকারের ঘোষণা ।

এবং

(৪) রাজ্যের বিদ্যালয়গুলির পরিকাঠামো উন্নয়নের জন্য সমগ্র শিক্ষা আসামের এক হাজার ৭৭০টি বিদ্যালয়ে ১৩৭ কোটি ৪৭ লক্ষ টাকা মঞ্জুর ।

-----------------------------------------------------------------------------

রাজ্য সরকারের একলক্ষ চাকুরী প্রদান কার্যসূচীর অধীনে দ্বিতীয় পর্যায়ের নিযুক্তি প্রক্রিয়া খুব শীঘ্র আরম্ভ হবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ সাংবাদিক সম্মেলনে একথা জানান । আগামী ৭ অক্টোবর পুলিশ বিভাগের প্রায় সাড়ে পাঁচ হাজার পদের জন্য বিজ্ঞাপন প্রকাশ পাবার সঙ্গে চলতি মাসে সরকারের অন্যান্য বিভাগে শূণ্য থাকা প্রায় ১৫ হাজার পদের জন্য বিজ্ঞাপন

প্রকাশ পাবে বলে মূখ্যমন্ত্রী জানান । এদিকে আগামী ১১ ও ১২ অক্টোবর অরুণোদয় প্রকল্পের অধীনে ৭ লক্ষ নতুন হিতাধিকারী অনর্তভুক্ত করা সহ মাইক্রোফাইনান্সের অধীনে ২৫ হাজার টাকা পর্যন্ত ঋণ গ্রহণ করা মহিলাদের ঋণ মুকুব করা হবে । এই মহিলারা ঋণ মুকুবের পর এন ও সি লাভ করা সহ ভবিষ্যতে ঋণ নিতে পারবেন । একই সময়ে রাজ্যের সরকারী বিদ্যালয়ে নবম শ্রেণীতে পাঠরত ছাত্রীদের মধ্যে সাইকেল বিতরণ করা হবে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------

সিকিমের মঙ্গনে মেঘ ভাঙ্গা বৃষ্টির ফলে তিস্তা নদীতে আকস্মিক বন্যায় ১৮ জন নিহত হওয়া সহ ২২ জন সেনা জওয়ান সহ প্রায় ১০০ জন লোক সন্ধান হীন । এর মধ্যে আসামের একজন সেনা জওয়ানও রয়েছেন ।সরকারী তথ্য অনুযায়ী এই আকস্মিক বন্যায় রাজ্যটির প্রায় ২২ হাজার লোক ক্ষতিগ্রস্থ হয়েছে । তিস্তা নদীর প্রবল জলোচ্ছাসে ১১ টি সেতু ভাসিয়ে নিয়ে গেছে ।ভারতীয় সেনা বাহিনী , প্রশাসনের পক্ষ থেকে বন্যায় ক্ষতিগ্রস্থ লোকেদের জন্য উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে । সিকিম পুলিশ বেশ কয়েকটি হেল্পলাইন নম্বরও চালু করেছে । এছাড়া দূর্গতরা ১১২ নম্বরে ফোন করতে পারবেন ।এদিকে আবহাওয়া বিজ্ঞান বিভাগ আসামে পরবর্তি ৪৮ ঘন্টার জন্য কমলা সতর্কতা জারি করেছে ।

---------------------------------------------------------------------------

জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা আজ গৌহাটীর বশিষ্ঠতে আসাম রাজ্য তথ্য কেন্দ্রের উদ্বোধন করেন । জলসম্পদ বিভাগের অধীনে আসাম জল গবেষণা ও ব্যাবস্থাপনা প্রতিষ্ঠান সমিতির দ্বারা স্থাপন করা এই কেন্দ্রটি আবহাওয়া ও বন্যা ক্ষেত্রে পূর্বানুমানের সুবিধা প্রদান করবে । মন্ত্রী বলেন যে এরফলে বন্যা বা আবহাওয়া সম্পর্কে আগাম অনুমান করে বন্যা প্রতিরোধ ব্যাবস্থা কার্যক্ষম করে তোলা যাবে ।

---------------------------------------------------------------------------

আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পর্ষদ আগামী বছরের ফেব্রুয়ারী -মার্চ মাসে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত করার পরিকল্পনা করছে । সে

অনুসারে আগামী পয়লা নভেম্বর থেকে অনলাইন প্র-পত্র পূরন প্রক্রিয়া আরম্ভ হবে । ৩০ শে নভেম্বর প্র-পত্র পূরণের শেষ দিন ধার্য করা হয়েছে । এ সম্পর্কে শিক্ষা পর্ষদের পরীক্ষা নিয়ন্ত্রক গতকাল এক বিজ্ঞপ্তি জারি করেছেন । এই অধিসূচনায় নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্র-পত্র পূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নির্দেশ দেওয়া হয়েছে । এদিকে পিতা মাতার বার্ষিক আয় ২ লক্ষ বা তার থেকে কম  হলে এই পরিবারের পরীক্ষার্থী কেন্দ্র মাশুল অথবা পরীক্ষা মাশুল রেহাই পাবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

----------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগ পরীক্ষা সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ ঘোষণা করেছে । গতকাল এ সম্পর্কে জারী করা এক বিবৃতিতে আয়োগ উল্লেখ করেছে যে চলতি মাসের শেষের দিকে ২০২২ বর্ষের জয়েন্ট কম্পিটিটিভ মেইন পরীক্ষার ফলাফল ঘোষণার সম্ভাবনা রয়েছে । মৌখিক সাক্ষাৎকার প্রক্রিয়া আগামী নভেম্বর মাসের প্রথম দিকে অনুষ্ঠিত হবার সম্ভাবনা রয়েছে । সেইসঙ্গে ২০২৪ সালের মার্চ মাসের শেষের দিকে পরবর্তী জয়েন্ট কম্পিটিটিভ প্রিলিমিনারী পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে আয়োগ উল্লেখ করেছে । উল্লেখ্য আসাম লোকসেবা আয়োগ বিগত ৮ ও ১০ জুলাই রাজ্যের নির্দিষ্ট মন্ডলগুলিতে মেইন পরীক্ষার আয়োজন করেছিলো । এবার পরীক্ষা ৯১৩ টি পদের জন্য অনুষ্ঠিত হয়েছে ।

----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের শক্তি ,নতুন ও নবীকরণ যোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী রাজকুমার সিংয়ের অধ্যক্ষতায় আজ নতুনদিল্লীতে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির শক্তি বিজ্ঞান প্রযুক্তি তথা জলবায়ু পরিবর্তন মন্ত্রীদের এক বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে রাজ্যের বিজ্ঞান ,প্রযুক্তি দপ্তরের মন্ত্রী কেশব মহন্ত অংশগ্রহণ করেন । বৈঠকে উত্তর-পূর্বাঞ্চলে নতুন তথা নবীকরণ যোগ্য শক্তির ব্যাপক ব্যাবহারে উৎসাহ যোগানোর জন্য ফলপ্রসূ কার্যব্যাবস্থা গ্রহণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় ।উত্তর-পূর্বের রাজ্যগুলির জানানো অনুরোধে সাড়া দিয়ে কেন্দ্রীয় মন্ত্রী মন্ত্রণালয়ের পক্ষ থেকে রাজ্যগুলির জন্য অধিক পৃষ্ঠপোষকতা সহ বিশেষ রেহাইমূলক ব্যাবস্থা সংযোজন করে নতুন প্রকল্প কার্যকর করা হবে

বলে ঘোষণা করেন । সেইসঙ্গে আসাম সহ উত্তর-পূর্বের অন্যান্য রাজ্যগুলির জন্য সৌরশক্তি ও সবুজ শক্তির মতো নবীকরণ যোগ্য শক্তি ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে সাহায্যের পরিমাণ বর্তমানের ৪০ শতাংশ থেকে ৬৫ শতাংশ পর্যন্ত বৃদ্ধির জন্য কেন্দ্রীয় মন্ত্রী অনুমোদন জানিয়েছেন । বৈঠকে রাজ্যের শক্তিমন্ত্রী নন্দিতা গারলোসা ছাড়াও উত্তর-পূর্বের সবকটি রাজ্যের সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------

রাজ্যের বিদ্যালয়গুলির পরিকাঠামো উন্নয়নের জন্য সমগ্র শিক্ষা আসামের এক হাজর ৭৭০টি বিদ্যালয়ে ১৩৭ কোটি ৪৭ লক্ষ টাকা মঞ্জুর করেছে । শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু আজ সামাজিক মাধ্যমে এবিষয়ে প্রকাশ করেন । মন্ত্রী বলেন যে এই অর্থ দিয়ে বিদ্যালয়গুলিতে অতিরিক্ত শ্রেণী কোঠা , শৌচালয় ,বৈদ্যুতিকরণ ইত্যাদির দ্বারা পরিকাঠামো উন্নয়ন সম্ভব হয়ে উঠবে ।

---------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এশিয়ান গেমসে মহিলাদের তীরন্দাজীর কম্পাউন্ড শাখায় স্বর্ণ পদক লাভ করা মহিলা খেলোয়াড়দের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।সামাজিক মাধ্যমে এক পোষ্টে শ্রী মোদী বলেন যে জ্যোথি সুরেখা ভেন্নম ,পরনীত কৌর এবং অদিতি গোপীচান্দের উৎকৃষ্ট প্রদর্শন দেশকে গৌরবান্বিত করেছে ।তাদের অসাধারণ দক্ষতা এবং দলগত প্রয়াসের ফলে এই জয় সম্ভব হয়েছে ।

---------------------------------------------------------------------

কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রনালয় ২০২৩ সালের জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য আবেদনপত্র চেয়েছে ।যোগ্য খেলোয়াড় , প্রশিক্ষক , প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়গুলো আগামী দোসরা নভেম্বরের মধ্যে dbtyassports.gov.in পোর্টেলে আবেদন করতে পারবে ।২০২৩ সালের এই ক্রীড়া পুরস্কারের জন্য আবেদন পত্রের বিস্তারিত তথ্য ইতিমধ্যে www.yas.nic.in ওয়েবসাইটে আপলোড করা হয়েছে ।

---------------------------------------------------------------------

ভারতীয় রেলওয়ে যাত্রীবাহী ট্রেনগুলোর জন্য নতুন সর্বভারতীয় সময়সূচী প্রকাশ করেছে যা গত পয়লা অক্টোবর থেকে কার্যকর হয়েছে ।যাত্রা আরম্ভ এবং যাত্রা সমাপ্তির সময়সূচী ও স্টপেজ সংশোধন করা হয়েছে ।এছাড়া যাত্রার সময় হ্রাস করার জন্য কিছু ট্রেনের গতি বৃদ্ধি করা হয়েছে ।উত্তরপূর্ব সীমান্ত রেলের অধীনে ৭২ টি ট্রেনের যাত্রার সময় ৫ মিনিট থেকে ১২০ মিনিট পর্যন্ত হ্রাস করা হয়েছে ।১৫৬১৫ গুয়াহাটী - শিলচর এক্সপ্রেস ট্রেনের যাত্রার সময় পরিবর্তন করা হয়েছে ।০১৬৬৬ আগরতলা -রানি কমলাপতি উৎসব স্পেশাল ট্রেনের যাত্রার সময় ১২০ মিনিট হ্রাস করা হয়েছে ।যাত্রীরা ন্যাশনেল ট্রেন এনকোয়ারি সিস্টেম ( এন টি এস ) এ ট্রেন চলাচলের সময়সূচীর বিস্তারিত যাচাই করতে পারবেন ।

---------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির উদ্যোগে আজ ধোয়ারবন্দ বাজারে ঘন ঘন লোডশেডিং বন্ধ করা , বর্ধিত বিদ্যুৎ মাশুল প্রত্যাহার , স্মার্ট মিটার ব্যবস্থা প্রত্যাহার , বিদ্যুৎ ক্ষেত্রের বেসরকারীকরন বন্ধ করার দাবী জানিয়ে গন সাক্ষর সংগ্রহ করা হয়েছে ।
এদিকে বিদ্যুৎ মাশুল বৃদ্ধির প্রতিবাদে আজ হাইলাকান্দি জেলা কংগ্রেস দলও বিক্ষোভ কার্যসূচী পালন করেছে।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল দক্ষিন হাইলাকান্দি ব্লকের তিনটি গ্রাম পঞ্চায়েতে কৃষি মেলার আয়োজন করা হয়েছে । কৃষি মেলায় বিভিন্ন প্রকল্পের প্রর্দশনী করে জনসাধারনকে সরকারী সুযোগ-সুবিধা সম্পর্কে অবগত করানো হবে। ঘাড়মূড়া পঞ্চায়েত কার্য্যলয়ে পশুপালন বিভাগের ক্যাম্প স্থাপন করে ফার্মাস প্রডিউসার কোম্পানী গঠনের বিষয়ে আলোচনা করা হবে । এছাড়া দ্বিতীয় মেলাটি মণিপুর-নিষ্কর পঞ্চায়েত কার্য্যলয়ে এবং তৃতীয় মেলাটি দারিয়াঘাট-কারিছড়া পঞ্চায়েত কার্য্যলয়ে অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন থেকে এই মেলাগুলিতে জনসাধারনকে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

বরাক ভ্যালী পাটনী পরিষদের কেন্দ্রীয় কার্য্যকরী কমিটির এক সভা আগামী রবিবার সকাল ১১টায় শিলচর ডক্টর বি আর আম্বেদকর স্মৃতি গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হবে । সভায় বরাক ভ্যালী পাটনি পরিষদের সাংগঠনিক বিষয়ে আলোচনা করা হবে ।

--------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর রয়্যালসের ব্যবস্থাপনায় আগামী ১০ অক্টোবর ১১৮ নম্বর আইরংমারা প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

--------------------------------------------------------------------------------